# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**21 NOVEMBER 2024** **7:35 AM IST**

===========================================================================

আগামী বছরের ফেব্রুয়ারী মাসে রাজ্যে অনুষ্ঠেয় আসাম বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলন সম্পর্কে আলোচনার জন্য গতকাল মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে এক বৈঠক আনুষ্ঠিত হয় । এডভান্টেজেস আসাম দ্বিতীয় পর্যায় শীর্ষক সম্মেলনের প্রস্তুতির বিভিন্ন দিক সম্পর্কে বৈঠকে বিস্তারিত আলোচনা করা হয় । এই সম্মেলনের মূল খন্ড , অংশিদারী দেশ ও অন্যান্য প্রাসংগিক বিষয় বৈঠকে স্থানলাভ করে । মুখ্যমন্ত্রী ড: শর্মা বৈঠকে অংশ নিয়ে আসামের অনন্য শক্তি ও এর সম্ভাবনাকে ব্যবসার উত্তম স্থান হিসেবে বিকশিত করে তুলতে যৌথ প্রচেষ্টা গ্রহণের ওপর গুরুত্ব আরোপ করেন । তিনি বলেন যে এই সম্মেলন আসামকে বিনিয়োগ ও পরিকাঠামো ক্ষেত্রে মডেল রাজ্য হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে । বৈঠকে রাজ্যের বেশ কয়েকজন মন্ত্রী ও বিভাগীয় শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন ।

---

৫৫ তম আর্ন্তজাতিক চলচ্চিত্র মহোৎসবের উদ্ভোধনী অনুষ্ঠানে গতকাল প্রসার ভারতী র  ওটিটি **প্ল্যাটফর্ম** ওয়েভস র সূচনা করা হয় ।এই মঞ্চের মাধ্যমে বিভিন্ন ভাষায় সংবাদ , চলচ্চিত্র , বিনোদনমূলক অনুষ্ঠান , টি ভি শো এবং খেলা দেখা যাবে ।

---

৩২তম শিলচর বইমেলা আজ থেকে শিলচরে শুরু হয়েছে । শিলচর সার্কিট হাউস রোডের বিপিন চন্দ্র পাল সভাস্থলে আয়োজিত এবারের বইমেলার প্রদীপ জ্বালিয়ে সূচনা করেছেন ভারত সেবাশ্রম সঙ্ঘের স্বামী গুণসিন্ধুজী মহারাজ । মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি বলেন যে- বইমেলার মাধ্যমে বহুকিছু শেখা যায় । বই কেনা ও উপহার দেওয়ার পাশাপাশি তিনি মাতৃভাষা শিক্ষার উপরও গুরুত্ব আরোপ করেন । অনুষ্ঠানে উপস্থিত কাছাড়ের সহকারী আয়ুক্ত আই আই ওজুকুম বলেন যে- বই পড়ার মাধ্যমে একজন মানুষ পরিপূর্ণ হয়ে ওঠে । শুধুমাত্র ইন্টারনেট সকল উদ্দেশ্য পূরণ করেনা । বইকে মূল্যবান দলিল হিসেবে অভিহিত করে তিনি বইয়ের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেন । প্রাক্তন ছাত্রনেতা এবং বরাক ডেমোক্র্যাটিক ফ্রন্টের নেতা প্রদীপ দত্তরায় বইপড়ার আগ্রহ কমে যাওয়ায় দুঃখ প্রকাশ করে বলেন যে- মোবাইল এবং ইন্টারনেটের দাপটে বইয়ের থেকে মুখ ফিরিয়ে নেওয়াটা এক অশনি সঙ্কেত । উল্লেখ্য এই বইমেলা বারোদিন ধরে চলবে ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম গতকাল শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার  মানোন্নয়নের লক্ষে বেশ কিছু সরকারী প্রতিষ্ঠান পরিদর্শন করেন

। তিনি হাইলাকান্দি শিক্ষা খন্ডের অর্ন্তগত মাটিরগ্রাম প্রাথমিক বিদ্যালয় এবং ভাটিরকুপা গার্লস এম ই স্কুলে উপস্থিত হয়ে বিদ্যালয়ের ছাত্র ছাত্রী ও শিক্ষকদের উপস্থিতি পর্যবেক্ষন করেন । বিদ্যালয়গুলিতে মিড ডে মিল সঠিকভাবে পরিবেশন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে খাদ্যতালিকা অনুযায়ী খাবার সরবরাহের বিষয়টি খতিয়ে দেখেন । জেলা আয়ুক্ত পুষ্টিকর খাদ্য হিসেবে প্রতি বুধবার প্রতিটি ছাত্র ছাত্রীকে একটি করে ডিম দেওয়া বাধ্যতামূলক করতে হবে বলে নির্দেশ দেন । এছাড়া বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের বিষয়ে স্থানীয় শিক্ষা কর্মীদের ও মতামত গ্রহণ করেন ।

এছাড়া শ্রী হিভারে আলগাপুর মডেল হাইস্কুল ও পরিদর্শন করেন ।তিনি রোগীদের সংগে মত বিনিময় করে হাসপাতালের পরিষেবা ও সুবিধাগুলি সম্পর্কে তথ্য সংগ্রহ করে হাসপাতালের কর্মীদের আরো দায়িত্ব নিয়ে কাজ করার পরামর্শ দেন ।

জেলা আয়ুক্ত গতকাল সৈয়দবন্দ অঞ্চলের কয়েকটি অংগনোয়াড়ি কেন্দ্র এবং টীকাকরণ কেন্দ্র ও পরিদর্শন করেন ।

---

শহুরে এলাকায় রুটিন ইমিউনাজেশন  জোরদার করার জন্য আরবান টাস্ক ফোর্স ইমিউনাইজেশন কমিটির এক সভা গতকাল কাছাড়ের জেলা প্রশাসনের কার্যালয়ের নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হয় ।বৈঠকে স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত জেলা কমিশনার ডা: খেলাদা সুলতানা আহমেদের পৌরহিত্যে শহরে টীকাদান সম্পর্কিত সমস্যাগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।

---

কাছাড়ের জেলা নির্বাচন আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- ভোটদাতাদের ফটোযুক্ত পরিচয় পত্রের বিশেষ সংক্ষিপ্ত সংশোধনের সঙ্গে সম্পর্কিত সংশোধন অথবা পরিবর্তনের জন্য আগামী পয়লা জানুয়ারিকে ভিত্তি হিসেবে নিয়ে বাছাই পর্ব শুরু হয়েছে । এতে জানানো হয়েছে যে- ছ'নম্বর ফর্ম হচ্ছে ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্তির জন্য, সাত নম্বর ফর্ম হচ্ছ ভোটার তালিকা থেকে নাম মুছে ফেলার জন্য এবং আট নম্বর ফর্ম দিয়ে ভোটার তালিকায় থাকা বিবরণ সংশোধন করা যাবে । এছাড়া ওয়েব পোর্টালের মাধ্যমে অনলাইনে আবেদন পত্র জমা দেওয়া যাবে । www.nvsp.in এ এবং ভোটার হেল্পলাইন এ্যাপ'এর মাধ্যমেও আবেদন করা যাবে ।

---

মিশন বসুন্ধরা তৃতীয় পর্যায় এর অধীনে প্রাপ্ত সেবাগুলি থেকে জনসাধারণকে সুবিধা গ্রহণ করতে করিমগঞ্জ জেলা প্রশাসন আহ্বান জানিয়েছে । এর অধীনে আবেদনের শেষ দিন হচ্ছে আগামী ৩১ শে ডিসেম্বর । এছাড়া প্রাপ্য সেবাগুলি হচ্ছে মিশন বসুন্ধরা দ্বিতীয় পর্যায়ের অধীনে অধিক স্বচ্ছতার জন্য স্থগিত রাখা আবেদগুলি পুনরায় পরীক্ষা করা , শহর ও শহরের নিকটবর্তী অঞ্চলে কম প্রিমিয়ামে একসনা পাট্টার ম্যাদীকরণ , আগে গ্রামীন এলাকা কিন্তু পরবর্তীতে শহরাঞ্চল হিসেবে ঘোষিত এলাকায় দখলিস্বত্ব থাকা রায়তকে মালিকীসত্ব প্রদান ।এছাড়া বন্দিবস্ত না হোয়ার আগে ভুমিদান তথা গ্রামদান ভূমির বন্দোবস্ত প্রদান , সম্প্রসারিতরুপে ভূমির শ্রেণী পরিবর্তন , চা -অনুদান তথা গ্রান্ট জমির পাট্টার শ্রেনী পরিবর্তন করে পাট্টা প্রদান ।

রাজ্য সরকারের রাজস্ব এবং দূযোগ ব্যবস্থাপনা বিভাগ থেকে জনসাধারণকে সেবা সেতু পোর্টাল বা সি এস সি র মাধ্যমে আগামী ৩১ শে

ডিসেম্বরের মধ্যে আবেদন করে সুবিধা গ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ সদর রাজস্ব চক্রের অর্ন্তগত এলাকায় গত ১৬ ই নভেম্বর থেকে জমির খাজনা সংগ্রহ শিবির ও রাজস্ব আদালত অনুষ্ঠিত হচ্ছে , চলবে আগামী ২৮ শে নভেম্বর পর্যন্ত ।করিমগঞ্জ সদর রাজস্ব চক্রের চক্র আধিকারিক ঐ খাজনা সংগ্রহ শিবিরে অথবা করিমগঞ্জ সদর রাজস্ব চক্রে জমির খাজনা জমা দিতে আহ্বান জানিয়েছেন ।

---